দৈনিক ইনকিলাব

তারিখ JUL 21 1999
পৃঃ ২ কলাম ৭

# আনন্দমোহন কলেজ ছাত্ররা আজ ময়মনসিংহে হরতাল আহবান করেছে

ময়মনসিংহ থেকে শামসুল আলম খান ॥ ময়মনসিংহ আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজের আবাসিক ছাত্ররা বহিরাগত চাঁদাবাজদের চাঁদাবাজিতে অতিষ্ঠ হয়ে গতকাল (মঙ্গলবার) শহরের রাস্তায় নেমে সন্ত্রাসী চাঁদাবাজ মামুনকে গ্রেফতারের দাবী জানিয়ে বিরাট মিছিল বের করে এবং প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে গাঙ্গীনারপার ট্রাফিক মোড়ে বিকেল সাড়ে ৫টা থেকে প্রায় ৩ ঘন্টা সড়কে অবরোধ করে রাখে ও প্রতিবাদ সমাবেশ করে। ছাত্ররা প্রতিবাদ সমাবেশে চাঁদাবাজ সন্ত্রাসীকে গ্রেফতারের দাবীতে আজ (বুধবার) সকাল-সন্ধ্যা হরতালের আহবান করে। তারা পরবর্তীতে সারাদেশের সাথে ময়মনসিংহের যোগাযোগ ব্যবস্থা বন্ধ করে দেয়ার হুমকিও দিয়েছে।

জানা যায়, গতকাল ময়মনসিংহ এএম কলেজ খোলার প্রথম দিনে জসিম উদ্দিন ছাত্রাবাসে মামুনের নেতৃত্বে ৫/৭ জন অস্ত্রধারী গণিত মাস্টার্স-এর ছাত্র মনিরের উপর চাঁদা দাবীর ঘটনায় মারপিট করলে ছাত্র মনির ও অর্থনীতির ৩য় বর্ষের ছাত্র কবিরসহ ৫ জন আহত হয়। আহতদের মধ্যে ২ জনকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। ৩ ঘন্টাব্যাপী প্রতিবাদ সমাবেশে শহরের প্রধান সড়ক দিয়ে কোন যানবাহন চলাচল করেনি।